

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৫, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

শা-প্রজেই-০

প্রজ্ঞাপন

তারিখ: ২৭শে শ্রাবণ, ১৩৯৮/১২ই আগস্ট, ১৯৯১

এস, আর, ও, নং ২৪০/আইন/৯১/শা-প্রজেই-০/১ আর-৯/৮৯/১১১—Local Government (Upazila Parishad and Upazila Administration Re-organisation) Ordinance, 1982 (LIX of 1982) এর section 57 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উপজেলা পরিষদ কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৮৯ এ নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত বিধিমালা এর—

(১) বিধি ৭ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের উদ্দেশ্যে নিম্নে বর্ণিত সদস্য সম্বন্ধে একটি বাছাই কমিটি গঠিত হইবে, যথা:—

- |  |                |
|--|----------------|
| (ক) উপজেলা নির্বাহী অফিসার                                   | .. আহ্বায়ক;   |
| (খ) চেয়ারম্যান কর্তৃক মনোনীত পরিষদে কর্মরত তিনজন কর্মকর্তা। | .. সদস্য;      |
| (গ) সংশ্লিষ্ট দপ্তর কর্মকর্তা                                | .. সদস্য-সচিব; |

তবে শর্ত থাকে যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের দপ্তরে কর্মচারী নিয়োগের ক্ষেত্রে চেয়ারম্যান কর্তৃক মনোনীত পরিষদের কোন কর্মকর্তা সদস্য-সচিব থাকিবেন।”।

(৮১৮৯)

মূল্য : টাকা ১.০০

- (২) বিধি ৮ এর উপ-শিরোনামসহ উক্ত বিধির উপ-বিধি (১), (২) এবং (৩) এর পরিবর্তে নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৮। কর্মচারীর বদলী, যোগদান ইত্যাদি।—(১) জনস্বার্থে, বিশেষ করিয়া পরিষদের প্রশাসনিক স্বার্থে, পরিষদের কোন কর্মচারীর বদলীর প্রয়োজন বিবেচিত হইলে, সরকার সংশ্লিষ্ট কর্মচারীকে এক পরিষদ হইতে অন্য পরিষদে বদলীর আদেশ প্রদান করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ বদলীর ক্ষেত্রে বদলীকৃত কর্মচারীর বেতন, পদমর্যাদা এবং সংশ্লিষ্ট পদে তাহার জ্যেষ্ঠতা অপরিবর্তিত থাকিবে।

- (২) এক চাকুরীর স্থল হইতে অন্য চাকুরীর স্থলে বদলীর ক্ষেত্রে একই পদে বা কোন নূতন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা:—

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন; এবং

(খ) বিভাগীয় কর্মকর্তার সুপারিশে চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত পন্থায় ভ্রমণে প্রকৃতপক্ষে অতিবাহিত সময়ঃ

তবে শর্ত থাকে যে, এই উপ-বিধি অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে সাধারণ ছুটির দিন গণনা করা হইবে না।

- (৩) উপ-বিধি (২) এ বাহা কিছই থাকুক না কেন, যে ক্ষেত্রে বদলীর ফলে বদলীকৃত কর্মচারীকে তাহার নূতন কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না, সেক্ষেত্রে নূতন কর্মস্থলে যোগদানের জন্য একদিনের বেশী সময় দেওয়া হইবে না; এবং এই উপ-বিধির উদ্দেশ্য পূরণকল্পে সাধারণ ছুটির দিনকেও যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

- (৩ক) কোন বিশেষ ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তার সুপারিশে চেয়ারম্যান উপ-বিধি (২) ও (৩) এর অধীন প্রাপ্য যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবেন।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাফিজ উদ্দিন খান

স্বাক্ষ-সচিব।